## আমেরিকায় পিসি'র খুচরা বাজারের ৪৩% দখল করে

আবদুল হক অনু

# প্যাকার্ডবেল–এর বিস্ময়কর উত্থান

আমেরিকার ক্যালিফোর্নিয়াভিত্তিক প্যাকার্ড বেল ইলেক্ট্রনিক্স ইনক এ বছর প্রথম তিন মাসে পিসি বিক্রিতে ২য় শীর্ষ অবস্থানে থেকে সবাইকে তাক লাগিয়ে দিয়েছে। ইসরাইলে জন্ম গ্রহণকারী বেনি এলাজেম এবং অপর দুইজন ব্যবসায়ী অংশীদার মিলে টেলিডাইন ইনক-এর কাছ থেকে ১৯৮৫ সালে প্যাকার্ড বেল নামটি কিনে নেন এবং তার পরের বছর নতুন কোম্পানী স্থাপন করে ব্যবসা শুরু করেন।

বিস্ময় সৃষ্টিকারী প্যাকার্ড বেল জানে টিকে থাকার সংগ্রামে কেমন করে লড়তে হয়। গত জানুয়ারী মাসে প্রচন্ড ভূমিকম্পে কোম্পানীটির প্রধান কার্যালয় ধ্বসে পড়ে। নতুন অফিসে না ওঠা পর্যন্ত এর প্রধান নির্বাহী অফিসার বেনি এলাজেম (৪১) এবং তার সহযোগীগণ পার্কিং লটে ফোল্ডিং চেয়ার পেতে অস্থায়ী টেলিফোন লাইন বসিয়ে কোম্পানীর সমস্ত কাজ কর্ম চালিয়ে যেতে থাকেন।

গত দুবছরে মূল্যহ্রাস যুদ্ধে আমেরিকার অনেক কোম্পানী যখন হিমসিম খাচ্ছিল বা ঝরে পড়ছিল প্যাকার্ড বেল তখন ব্যবসায়ে উন্নতিলাভ করছিল। মারফত বাজারজাত করতো। এই সাধারণ ক্রেতার বাজারে পিসির চাহিদা বাড়ছে আমেরিকায় ব্যবসায়ীদের জন্য পিসি বাজারের চেয়ে অনেক দ্রুত হারে। প্যাকার্ড বেল অত্যন্ত বিচক্ষণতার সাথে পূর্বেই অণুধাবন করে আমেরিকার সাধারণ ক্রেতারা কি চাইবে। যেমন, প্যাকার্ড বেলই আমেরিকার প্রথম প্রস্তুতকারক যারা সাধারণ ক্রেতাদের পিসির সাথে মাল্টিমিডিয়া বৈশিষ্ট জুড়ে দেয়। মিঃ এলাজেম বলেন–ক্রেতারা কি চান তা জানতে আমরা সব সময়ই মাটিতে কান পেতে থাকি।

### আকর্ষণীয় ডিজাইন

সম্প্রতি প্যাকার্ড বেল একসারি আকর্ষণীয় ডিজাইনের পিসি বজারে ছাড়ার ঘোষণা দিয়েছে যেগুলো কোম্পানীর ইতিহাসে সবচেয়ে উল্লেখযোগ্য হবে বলে বাজার বিশ্লেষকরা ধারণা করছেন। বিবিধ নতুন সব ফীচার ছাড়াও প্যাকার্ড বেলের এ পিসি গুলোতে থাকবে আকর্ষণীয় ডিজাইন, উঁচুমানের স্পীকার, রঙিন ক্যাবল এবং যে কোন ঘরের সাথে মানানসই ক্রেতার পছন্দমত কালার প্যানেল।


এই সমস্ত নতুন ডিজাইন পিসিকে ইলেক্ট্রনিক্স দোকানীরা সাধারণ ক্রেতার কাছে প্রধানত সবচেয়ে সস্তা, সবচেয়ে কম মুনাফার পিসি বিক্রি করে থাকে তাই তাদের লাভের পরিমাণ হয় খুবই সামান্য।

বিক্রিত পিসি ফেরৎ দেয়াটা প্যাকার্ড বেলের জন্যও সমস্যা তৈরি করেছিল। ১৯৯০ সালে ৫১.৮ কোটি ডলারের পিসি বিক্রি করে কোম্পানীটি লাভ করেছিল ৮০.৫ লক্ষ ডলার। কিন্তু ১৭% পিসি ফেরৎ আসায় ১৯৯১ সালে ৮২ কোটি ডলার বিক্রি হওয়া সত্বেও প্রায় ৮ লক্ষ ডলার লোকসান হয়। কোম্পানীর মতে ১৯৯১ সালের পর থেকে বিক্রিত পিসি ফেরৎ আসা উল্লেখযোগ্যভাবে কমে যায়।


সাম্প্রতিককালে প্যাকার্ড বেলের পিসি বিক্রি খুব বেড়ে যায়। এর কারণ হিসাবে বলা যায় কোম্পানীটির পণ্যের মূল্য খুব নিম্ন এবং ভাল সেবা। তারা বিনে পয়সার টেলিফোন হেল্প লাইন এবং হোম-সার্ভিস কলের ব্যবস্থা করেছে। তাছাড়া ১৯৯২ সালে মাল্টিমিডিয়ার কথা যখন তেমন কেউ জানতো না মিঃ এলাজেম তার প্রতিদ্বন্দ্বীদের আগেই খুচরা দোকানের মাধ্যমে তার মাল্টিমিডিয়া পিসি বাজারজাত করেছে।

### পিসি বিক্রির খতিয়ানন

বিশ্বব্যাপী পিসি বিক্রির সংখ্যা (হাজারে)




পিসি বিক্রির পরিমাণ (বিলিয়ন ডলারে)




আমেরিকার শীর্ষ পিসি প্রস্তুতকারক

| | |
|---|---|
| কম্প্যাক | ৪৭৫,০০০ |
| প্যাকার্ড বেল | ৪৩০,০০০ |
| এপল | ৪০৮,০০০ |
| আইবিএম | ৩৬০,০০০ |
| গেইটওয়ে ২০০০ | ২১৯,০০০ |
| ডেল | ১৬৮,০০০ |

জা.-মার্চ '৯৪ হিসাব অনুযায়ী

* আনুমানিক

তীব্র মূল্যহ্রাস যুদ্ধ এবং ভূমিকম্পের পর ৬ দিন উৎপাদন বন্ধ থাকা সত্ত্বেও আমেরিকাতে প্যাকার্ড বেল এ বছর প্রথম তিন মাসে ৪,৩০,০০০ পিসি বিক্রি করেছে। যা আইবিএম কর্পো. এবং এপল কমপিউটার ইনক-এর চেয়ে অনেক বেশি। এ সময়ে আইবিএম বিক্রি করেছে ৩,৬০,০০০ পিসি এবং এপল ৪,০৮,০০০ পিসি। প্যাকার্ড বেল এখন কেবলমাত্র কম্প্যাক কমপিউটার কর্পোরেশনের চেয়ে পিছিয়ে রয়েছে। গত বছর এর অবস্থান ছিল ৪র্থ স্থানে। এ তথ্য ইন্টারন্যাশনাল ডাটা কর্পো. এবং প্যাকর্ড বেল-এর।

'তারা চমৎকারভাবে এগিয়ে যাচ্ছে। পিসি শিল্পে তারা একটা বৃহৎ শক্তিরূপে আত্মপ্রকাশ করছে'– বলেছেন ইন্টারন্যাশনাল ডাটা কর্পো. এবং ডাটাকোয়েস্টের কর্মকর্তাগণ।

প্যাকার্ড বেলের এই সাফল্য শিখরে ওঠার অন্যতম প্রধান কারণ হচ্ছে কোম্পানীটি দীর্ঘদিন যাবৎ প্রায় শুধুমাত্র সাধারণ ক্রেতাদের জন্য তৈরি পিসি ব্যাপক বিক্রির চ্যানেল যেমন ওয়াল মার্ট ষ্টোরের ভোগ্যপণ্যের কাতারে নিয়ে এসেছে। জিনিষগুলো খুবই সাধারণ অথচ এ দিকটা কেউ এতদিন চিন্তা করেনি। অনেক বিশেষজ্ঞের ধরণা এ বছরের মধ্যে প্যাকার্ড বেলের প্রায় সমস্ত প্রতিদ্বন্দ্বীরা এটা অনুকরণ করবে।

এখন সবাই হয়তো প্যাকার্ড বেলকে অনুসরণ করবে। কিন্তু বরাবর এ রকমটি ছিলনা। ১৯৮৬ সালে প্যাকার্ড বেল কোম্পানী প্রতিষ্ঠা লাভ করার পর মিঃ এলাজেম বাসাবাড়ীর বাজারের প্রতি নজর দেন। সে সময় সবার দৃষ্টি ছিল লাভজনক কর্পোরেট বাজারের প্রতি। কারণ এতে পণ্যের লাভ থাকতো ৩০% এবং বড় বড় প্রস্তুতকারকগণ বাসাবাড়ীর বাজারকে তেমন একটা গুরুত্ব দেননি।

পিসি প্রস্তুতকারকদের হোম মার্কেট থেকে দূরে থাকার আর একটা কারণ ছিল বাসাবাড়ীর ক্রেতারা তাদের কেনা পিসি বেশি পরিমাণে (২০% পর্যন্ত) ফেরৎ দিত। অথচ ব্যবসা প্রতিষ্ঠানে বিক্রিত পিসির ১০% ও কখনো ফেরৎ আসতো না। যেহেতু খুচরা এই পদক্ষেপ খুবই দুরদর্শিতাপূর্ণ ছিল। বাসাবাড়ীর ব্যবহারকারীদের কাছে পিসির বিক্রি দারুণভাবে বেড়ে যায়। আমেরিকাতে এটি বাড়ে ৩০% যা পিসি শিল্পে সবচেয়ে দ্রুত বর্ধনশীল অংশ। ডাটাকোয়েস্টের মতে বাসাবাড়ীতে পিসি বিক্রির হার বছরে ২১% হারে বাড়ছে অন্যদিকে কর্পোরেট বাজারে পিসি বিক্রি বাড়ছে ৯%।

নতুন এই সম্ভাবনার দিগন্ত অনুধাবন করে এবং এএসটি রিসার্চ ইনক-এর মত কর্পোরেট বাজারের প্রতিদ্বন্দ্বীদের চেয়ে বেশি পিসি উৎপাদন করার তাগিদে কম্প্যাক এবং আইবিএম সাধারণ ব্যবহারকারীর বাজারে প্রবেশ করার প্রচেষ্টা জোরদার করে। অনেকেই মনে করেছিলেন এতে প্যাকার্ড বেল ধরাশায়ী হয়ে যাবে।

কিন্তু বাস্তবে তা ঘটেনি। তাদের বিক্রি আরও বেড়েছে। তারা আরও বেশি মুনাফা করেছে। এখন পিসির খুচরা বাজারের ৪৩% প্যাকার্ড বেল-এর দখলে।

এই সাফল্যের কারণ হিসাবে ইন্টারন্যাশনাল

*(বাকী অংশটুকু ৫৫ নং পৃষ্ঠায় দেখুন)*

# GW-BASIC গ্রাফিক্স প্রোগ্রামিং

| | |
|---|---|
| বইয়ের নাম | ঃ GW-BASIC গ্রাফিক্স প্রোগ্রামিং |
| লেখক | ঃ মোহাম্মদ নাসিরুল ইসলাম |
| প্রকাশক | ঃ এ. এইচ, এম জাওহারুল ইসলাম (তুহিন) প্রদীপন ৩৮, বাংলাবাজার (দোতলা), ঢাকা-১১০০ |
| প্রকাশকাল | ঃ মে-১৯৯৪ ইং |
| মূল্য | ঃ পয়ষট্টি টাকা (সাদা) |
| পৃষ্ঠা | ঃ ৭৯ |

বাংলা ভাষায় কমপিউটার বিষয়ক পুস্তক প্রায় অর্ধশতের মত। এ পুস্তকগুলোর বেশীরভাগই কমপিউটারের সংগঠন, প্যাকেজ প্রোগ্রাম, বিভিন্ন অপারেটিং সিস্টেম, ডিটিপি এসব বিষয়ের উপর। প্রোগ্রামিং ল্যাংগুয়েজের উপর বইয়ের সংখ্যা একেবারেই নগন্য। আর কোন প্রোগ্রাম ল্যাংগুয়েজের মাধ্যমে গ্রাফিক্স চর্চার জন্য এটি সম্ভবত প্রথম বই। বইটিতে GW-BASIC-এর মাধ্যমে গ্রাফিক্সের বিভিন্ন প্রয়োগ দেখানো হয়েছে। বিষয়বস্তুর বিণ্যাস অধ্যায় ভিত্তিক নয়, Statement (স্টেটমেন্ট) ভিত্তিক। মোটামুটিভাবে সাতটি প্রধান শিরোনামের (Statement ভিত্তিক শিরোনাম) আওতায় লেখক বিষয়বস্তু উপস্থাপন করেছেন। এগুলো হল স্ক্রীণ এবং কালার বিষয়ক স্টেটমেন্ট (Screen and Color statement), পিসেট এবং প্রিসেট স্টেটমেন্ট (Pset and Preset statement), লাইন স্টেটমেন্ট (Line statement), পেইন্ট স্টেটমেন্ট (Paint statement), গেট এবং পুট স্টেটমেন্ট (Get and Put statement) এবং ড্র স্টেটমেন্ট (Draw statement). এসব স্টেটমেন্টের প্রয়োগিক উপস্থাপনা হিসাবে লেখক অনেক চিত্রের সংযোজন করেছেন। পরিশিষ্টে রয়েছে তিনটি অংশ। এ অংশগুলোতে অন্তর্ভুক্ত হয়েছে ALT KEY দ্বারা সৃষ্টি করা যায় এমন শব্দাবলী, GW-BASIC এর সংরক্ষিত শব্দাবলী (Reserved words) এবং সিস্টেম কমান্ডগুলো।

বিষয়বস্তুর উপস্থাপনা মোটামুটি ভাল। তবে, আরো সুবিনাস্ত এবং ঘনসন্নিবিষ্ট হলে বেশ ভাল হত। বাংলায় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক যে কোন পুস্তকে পাঠের সাবলীলতা এবং সহজ বোধগম্যতার জন্য ইংরেজী শব্দের ব্যবহার অপরিহার্য। কিন্তু বইটিতে ইংরেজী শব্দ প্রয়োজনের তুলনায় একটু বেশী বলেই আমার মনে হয়েছে। এসব শব্দের বাংলা প্রতিরূপের সংযোজন বাংলা বই হিসেবে এর উৎকর্ষতা আরো বাড়াত। বর্ণনার ক্ষেত্রে প্রত্যেকটি ইংরেজী শব্দকে হাইলাইট করারও প্রয়োজন ছিল বলে মনে হয় না। বইয়ের প্রচ্ছদ এক কথায় চমৎকার। ছাপার মান ভাল। কমপিউটার গ্রাফিক্সের বৈশিষ্ট্য, স্বরূপ এবং এর উপযোগিতা সম্পর্কে পাঠকদের প্রয়োজনীয় দিক নির্দেশনা দেয়ার ক্ষেত্রে বইটি অনন্য ভূমিকা রাখবে নিঃসন্দেহে। ○

## প্যাকার্ডবেল–এর বিস্ময়কর উত্থান

(৩৩ নং পৃষ্ঠার পরের অংশ)

ডাটা কর্পোরেশনের পিসি রিসার্চ ডাইরেক্টরের অভিমত হচ্ছে–প্যাকার্ড বেল খুব সস্তায় ভাল পিসি বিক্রি করে এবং অন্যান্য প্রতিদ্বন্দ্বীর চেয়ে অনেক ভাল ভাল দরকারী সফটওয়্যার এদের সাথে জুড়ে দেয়।

**আবার অগ্রপথিকঃ**

যারা সাধারণ ব্যবহারকারীদের জন্য ইন্টেলের পেন্টিয়ামভিত্তিক পিসি বাজারজাত করেছে তাদের মধ্যে প্যাকার্ড বেল অন্যতম।

গত জুন মাসে কোম্পানীটি নতুন নতুন পণ্য ছাড়ার ঘোষণা দিয়ে আবার অগ্রপথিকের ভূমিকা পালন করেছে। সৌন্দর্য বৃদ্ধি ছাড়াও এ সমস্ত পিসিতে থাকবে পূর্ববর্তী মডেল গুলোর তুলনায় দ্বিগুণ সংখ্যক প্রোগ্রাম।

আমেরিকার বাজারে আধিপত্য বিস্তার করার পর কোম্পানীটি এখন আন্তর্জাতিক বাজারে তার বিক্রি বাড়াতে চাচ্ছে। বর্তমানে কোম্পানীটি তার উৎপাদিত পণ্যের ১৫% রপ্তানী করে থাকে। আগামী ৩ বছরের মধ্যে এই অংশ ৪০% থেকে ৫০%-এ উন্নীত করে বিশ্ব বাজারেও তার আধিপত্য বিস্তার করবে বলে ঘোষণা দিয়েছে প্যাকার্ড বেল। বাংলাদেশও কি তার আওতায় পড়বে? ○

### পাঠকদের প্রতি

কমপিউটার বিষয়ক আপনার যে কোন লেখা, চমকপ্রদ অভিজ্ঞতা, আইডিয়া, সফটওয়্যার টিপ্‌স, মতামত বা পুস্তক সমালোচনা লিখে পাঠালে আমরা তা কমপিউটার জগৎ-এর প্রকাশ করতে পারলে আনন্দিত হবো। ছাপানো লেখার জন্য লেখকদের যথাযথ সম্মানী দেয়া হয়।

an Independent Software House

Serving Multinational Purpose

√ Readymade International Packages :

☆ WordPerfect, dBase, SPSS, Accpak Etc.

√ Readymade Application Softwares :

☆ Payroll, Inventory, GL, MIS, Total Etc.

Customised Packages : As per your need

DETOSEARCH SOFTWARE CORPORATION (DSC)

House # 6, Road # 27 (old), Dhanmondi, Dhaka-1209.

Phone : 817214, 802458, Fax : 817214

Contact person Eng. Hakikur Rahman / Mr.Gaffar